# ০৯/০৩/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া উন্নয়ন স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

উপজেলা – ঝিকরগাছা জেলা -যশোর।

সভাপতিঃ জনাব লূবনা তাক্ষী, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,ঝিকরগাছা,যশোর।
সভার স্থানঃ মহিলা ভাইস চেয়ারম্যান এর কার্যালয়, ঝিকরগাছা, যশোর ,তারিখ ও সময়ঃ ০৯/০৩/২০২২ খ্রিঃ, সকাল -১১.৩০ ঘটিকা।

উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট "ক"

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করা হয়। অত:পর সভাপতির অনুমতিক্রমে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যুব গোষ্টি দেশের মূল্যবান সম্পদ। দেশের জনগোষ্টির সবচেয়ে কর্মঠ, উৎপাদনশীল অংশই হলো যুব সমাজ। জনসংখ্যার বৃদ্ধির সাথে সাথে বাড়ছে বেকারত্ব, সে অনুপাতে বাড়ছে না কর্মসংস্থান। বেকারত্ব,দারিদ্রতা ও সঠিক পথের দিক নির্দেশনার অভাবেও অনেক যুবক/যুব মহিলা জড়িত হয়ে পড়ছে বিভিন্ন জঙ্গি ও সন্ত্রাসী কর্মকান্ডে। ফলে সমাজে বাড়ছে অপরাধ তৎপরতা। এ সমস্যা সমাধানে বেকার যুবক/যুব মহিলাদের আয়বর্ধক কর্মকান্ডে সম্পৃক্ত করে তাদেরকে আত্মনির্ভরশীল করে গড়ে তোলা বিশেষ প্রয়োজন।

সভাপতি উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন করে বলেন অনেক বেকার যুব কমর্সংস্থানের অভাবে বিপথে পা বাড়ানোর ফলে সামাজিক বিশৃঙ্খলা দেখা দেয়। বেকার যুবক/যুব মহিলাদের দক্ষতা বৃদ্ধির জন্য পেশাভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন রয়েছে। তিনি আরো বলেন বেকার যুবক/যুব মহিলাদের দক্ষতা বৃদ্ধির পাশাপাশি খেলাধূলার প্রসার ঘটাতে পারলে যুব সমাজ বিভ্রান্তির পথে পা না বাড়ায়ে পারস্পারিক ভ্রাতৃত্ববোধে আবদ্ধ হবে,যুবদের মধ্যে আনন্দ উদ্দিপনা ও পারস্পারিক সৌহার্দপূর্ণ সম্পর্ক উন্নয়নের মাধ্যমে প্রত্যন্ত অঞ্চলের জনগণের মাঝে সুস্থ্য বিনোদনের সৃষ্টি হবে, ইভটিজিং, মাদকাসক্ত , জঙ্গি ও সন্ত্রাসী নাশকতা হ্রাস পাবে। এ লক্ষ্যে বিভিন্ন প্রতিষ্ঠানে খেলাধুলার সামগ্রী সরবরাহের প্রয়োজন রয়েছে।

জনাব মোঃ সেলিম রেজা ,উপজেলা ভাইস চেয়ারম্যান ,উপজেলা পরিষদ,ঝিকরগাছা বলেন যুব সমাজকে খেলাধুলার প্রতি আকৃষ্ট করার জন্য উপজেলার বিভিন্ন প্রতিষ্ঠানের মধ্যে খেলাধুলার সরঞ্জামাদি সরবরাহের পাশাপাশি যুবদের আত্ম-কর্মসংস্থানের জন্য ই-কমার্স বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হলে বেকার যুবদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। উপজেলা সমবায় অফিসার উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন করে বলেন বিভিন্ন সমবায় সমিতির সদস্যসহ বেকার যুবদের দক্ষতা বৃদ্ধির জন্য পেশাভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা গেলে তারা কর্মসংস্থানে নিয়োজিত হতে পারবে।

উপস্থাপিত বিষয়ের উপর বিস্তারিত আলোচনান্তে সকল সদস্যদের সম্মতিতে বেকার যুবদের দক্ষতা বৃদ্ধির জন্য পেশাভিত্তিক প্রশিক্ষণ প্রদান ও যুবদেরকে অধিকহারে খেলাধুলায় সম্পৃক্তকরণের লক্ষ্যে ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP)এর আওতায় বাস্তবায়নের জন্য নিম্নে বর্ণিত প্রকল্পসমুহের প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।

উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP)এর আওতায় বেকার যুবদের আত্মকমর্সংস্থানের জন্য প্রস্তাবিত প্রকল্প নিম্নরুপ।

**প্রকল্প নং - ০১**

০১। বেকার যুবদের আত্ম-কর্মসংস্থানের জন্য ই-কমার্স বিষয়ক প্রশিক্ষণ প্রদান প্রকল্প।
প্রকল্পের ব্যয়ঃ ২,০০,০০০ টাকা,অর্থ বছর ২০২১ – ২০২২।

**প্রকল্প নং – ০২**

০২। বেকার যুবমহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য হস্তশিল্প (পুঁথির কাজ) বিষয়ক প্রশিক্ষণ প্রদান প্রকল্প।
প্রকল্পের ব্যয়ঃ ১৫০,০০ টাকা, অর্থ বছর ২০২১ – ২০২২।

চলমান-২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
ঝিকরগাছা, যশোর ।
e-mail - jhikargachha@dyd.gov.bd

স্মারক নং- ৩৪.০১.৪১২৩.০০০.০৬.০০২.২১- ৯৭১

তারিখঃ ০৩/০৩/২০২২ খ্রিঃ।

## নোটিশ

আগা০৯/০৩/২০২২ খ্রিঃ তারিখ বুধবার সকাল ১১.৩০ ঘটিকায় যুব ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটির সভা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর মহোদয়ের সভাপতিত্বে ও তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সম্মানিত সকল সদস্যকে নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।

আলোচ্য সূচি

১) গৃহিত প্রকল্প সম্পর্কে আলোচনা।
২) বিবিধ

০৩/০৩/২২
( মোঃ আরব আলী )
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ও
সদস্য- সচিব
যুব ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটি
ঝিকরগাছা, যশোর।

------------------------------------------- সদস্য ( সকল )
যুব ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটি, ঝিকরগাছা, যশোর

সদয় অবগতি /অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ।

১। চেয়ারম্যান, ঝিকরগাছা উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর ।
২। উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর।
৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর / মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর ও সভাপতি, যুব ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটি, ঝিকরগাছা, যশোর ।
৫। অফিস কপি।

দেখলাম
০৬/০৩/২০২২

৩/৩/২০২২

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি করা হয়।

(লুবনা তাক্ষী )
মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ
ও
সভাপতি
যুব ও ক্রীড়া উন্নয়ন স্থায়ী কমিটি
ঝিকরগাছা, যশোর।

স্মারক নং- ৩৪.০১.৪১২৩.০০০.০৬.০০২.১৯- ৭৭২ তারিখঃ ০৯/০৩/২০২২ খ্রিঃ।

সদয় অবগতি /অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ।

১। উপজেলা চেয়ারম্যান, ঝিকরগাছা উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর ।

২। উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর।

৩। মহিলা ভাইস চেয়ারম্যান,ঝিকরগাছা উপজেলা পরিষদ ও সভাপতি, যুব ও ক্রীড়া উন্নয়ন স্থায়ী কমিটি, ঝিকরগাছা, যশোর / উপজেলা ভাইস চেয়ারম্যান, ঝিকরগাছা উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর ।

৪। ------------------------------------------ সদস্য ( সকল ), যুব ও ক্রীড়া উন্নয়ন স্থায়ী কমিটি, ঝিকরগাছা, যশোর ।

৫। অফিস কপি।

( মোঃ আরব আলী )
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ও
সদস্য- সচিব
যুব ও ক্রীড়া উন্নয়ন স্থায়ী কমিটি
ঝিকরগাছা, যশোর।

উপস্থিত সদস্যদের তালিকা "ক"

| ক্রঃ নং | নাম | পদবী | ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ সেলিম রেজা | উপজেলা ভাইস চেয়ারম্যান | ঝিকরগাছা, যশোর | অস্পষ্ট |
| ২ | মোঃ ছালাউদ্দিন | উপজেলা সমবায় কর্মকর্তা | ঝিকরগাছা, যশোর | অস্পষ্ট |
| ৩ | মোঃ আনিস-উর -রহমান | চেয়ারম্যান, বাকড়া ইউ, পি | ঝিকরগাছা, যশোর | অস্পষ্ট |
| ৪ | মোঃ আমির হোসেন | চেয়ারম্যান, ঝিকরগাছা ইউ, পি | ঝিকরগাছা, যশোর | অস্পষ্ট |
| ৫ | মোঃ আরব আলী | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | ঝিকরগাছা, যশোর | অস্পষ্ট |